# আশ-শুআ'রা | Ash-Shu'ara | ٱلشُّعَرَاء

আয়াতঃ ২৬ : ২২২

## আরবি মূল আয়াত:

تَنَزَّلُ عَلٰى كُلِّ اَفَّاكٍ اَثِيمٍ ﴿٢٢٢﴾

## অনুবাদসমূহ:

তারা অবতীর্ণ হয় প্রত্যেক চরম মিথ্যাবাদী ও পাপীর নিকট। — আল-বায়ান

তারা অবতীর্ণ হয় প্রত্যেকটি চরম মিথ্যুক ও পাপীর নিকট। — তাইসিরুল

তারাতো অবতীর্ণ হয় প্রত্যেক চরম মিথ্যাবাদী ও পাপীর নিকট। — মুজিবুর রহমান

They descend upon every sinful liar. — Sahih International

২২২. তারা তো নাযিল হয় প্রত্যেক ঘোর মিথ্যাবাদী ও পাপীর কাছে।

-

তাফসীরে জাকারিয়া

(২২২) ওরা তো অবতীর্ণ হয় প্রত্যেকটি ঘোর মিথ্যাবাদী পাপিষ্ঠের নিকট। [1]

[1] অর্থাৎ, কুরআন অবতীর্ণ হওয়ার ব্যাপারে শয়তানের কোন হাত নেই। কারণ শয়তান তো মিথ্যুক এবং পাপিষ্ঠদের (জ্যোতিষী ও গণক প্রভৃতিদের) নিকট আসে যায়, নবী ও নেক লোকেদের নিকট আসে না।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=3154

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন